



রেডহ্যাটের বেস্ট ওভারসিজ পার্টনার আইবিসিএস-প্রাইমেক্স

আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বাংলাদেশ) লিমিটেড দেশের শীর্ষস্থানীয় তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠান। ১৯৮৯ সালে যাত্রা শুরু করে প্রতিষ্ঠানটি ২৬ বছর পূর্ণ করেছে। আইবিসিএস-প্রাইমেক্স সম্প্রতি রেডহ্যাটের ট্রেনিং এবং সার্টিফিকেশন পার্টনার হিসেবে তিনটি ক্যাটাগরিতে টানা পদ্ধতিম্বারের মতো বেস্ট ওভারসিজ

পার্টনার পুরস্কার পেয়েছে। এই পুরস্কার প্রাপ্তি ও শিক্ষা কার্যক্রম নিয়ে

কম্পিউটার জগৎ-এর সাথে একান্ত সাক্ষাৎকারে কথা বলেছেন প্রতিষ্ঠানটির পরিচালক (শিক্ষা) কাজী আশিকুর রহমান। সাক্ষাৎকার নিয়েছেন সোহেল রানা।

কম্পিউটার জগৎ : রেডহ্যাট লিনারের বেস্ট পার্টনার পুরস্কার সম্পর্কে বিজ্ঞারিত বলুন?

কাজী আশিকুর রহমান : গত ৪-৬ নভেম্বর ভারতের রাজ্যান্তরে ঘোষণার অনুষ্ঠিত রেডহ্যাট লিনারের বার্ষিক পার্টনার সম্মেলনে আইবিসিএস-প্রাইমেক্স রেডহ্যাটের ট্রেনিং এবং সার্টিফিকেশন পার্টনার হিসেবে তিনটি ক্যাটাগরিতে টানা পদ্ধতিম্বারের মতো বেস্ট ওভারসিজ পার্টনার পুরস্কার লাভ করে। আমি রেডহ্যাটের কাছ থেকে পুরস্কার গ্রহণ করি। টানা পদ্ধতিম্বারের মতো বেস্ট ওভারসিজ পার্টনার পুরস্কার পাওয়া অনেক বড় সম্মানের ব্যাপার। কোনো একটি বিষয়ে পুরস্কার পাওয়া যেখানে অনেক গর্বের, সেখানে আমরা তিনটি ক্যাটাগরিতে পুরস্কার পেয়েছি। এতে আমাদের দায়িত্ব আরও বেড়ে গেছে। আগামী দিনগুলোতেও আমরা এই সফল্য ধরে রাখতে চাই।

কম্পিউটার জগৎ : কোন কোন ক্যাটাগরিতে আপনারা পুরস্কার জিতেছেন?

কাজী আশিকুর রহমান : তিনটি ক্যাটাগরি হচ্ছে—‘হায়েস্ট কন্ট্রিবিউশন টু এক্সামিনেশন রেভিনিউ বাই এন ওভারসিজ পার্টনার’, ‘হায়েস্ট কন্ট্রিবিউশন টু ওপেন এনরোলমেন্ট রেভিনিউ বাই ওভারসিজ পার্টনার’ এবং ‘হায়েস্ট কন্ট্রিবিউশন টু টোটাল রেভিনিউ ইনকুডিং কোর্সওয়ার, এক্সামিনেশন অ্যান্ড ওপেন এনরোলমেন্ট বাই এন ওভারসিজ পার্টনার’। রেডহ্যাটের ট্রেনিং এবং সার্টিফিকেশন পার্টনার হিসেবে এই সম্মাননার জন্য আমাদেরকে প্রতিযোগিতা করতে হয়েছে নেপাল, পাকিস্তান, ভুটান, শ্রীলঙ্কা, ভিয়েতনামসহ কিছু দেশের সাথে। অনেক দেশের সাথে প্রতিযোগিতা করে পুরস্কার জেতা বাংলাদেশের জন্য বড় গর্বে।

কম্পিউটার জগৎ : ভবিষ্যতে এই পুরস্কার ধরে রাখতে আপনারা কি ধরনের উদ্যোগ নেবেন?

কাজী আশিকুর রহমান : লিনার ট্র্যাকে বাংলাদেশ এখন অনেক বেশি এগিয়ে যাচ্ছে। এখন



রেডহ্যাটের প্রতিনিধির কাছ থেকে আইবিসিএস-প্রাইমেক্সের পরিচালক (শিক্ষা) কাজী আশিকুর রহমান রেডহ্যাটের ট্রেনিং এবং সার্টিফিকেশন পার্টনার হিসেবে তিনটি ক্যাটাগরিতে টানা পদ্ধতিম্বারের মতো বেস্ট ওভারসিজ পার্টনার পুরস্কার গ্রহণ করেছেন।

থেকে দুই-তিনি বছর আগেও রেডহ্যাট লিনারের যত ট্রেনিং করতেন, এখন তারচেয়ে প্রায় শতভাগ বেশি মানুষ ট্রেনিং করছেন। আমরা বিশ্বান্ব বজায় রেখে রেডহ্যাটের ট্রেনিং এবং সার্টিফিকেশন পরিচালনা করছি। লিনারের চাইদাও দিন দিন বেড়ে চলছে। আমরা এই সফল্যাকে ধরে রাখতে চাই। আমাদের পাশাপাশি দেশের আরও কিছু প্রতিষ্ঠান এ ক্ষেত্রে ভালো করছে। ভবিষ্যতে তারাও হয়তো পুরস্কার পাবে। আমি আশা করি, রেডহ্যাটের বেস্ট ওভারসিজ পার্টনার পুরস্কারটি বাংলাদেশ ধারাবাহিকভাবে পাবে।

কম্পিউটার জগৎ : আইবিসিএস-প্রাইমেক্সের ২৬ বছর পৃষ্ঠি উপলক্ষে বিশেষ অফার সম্পর্কে বলুন।

কাজী আশিকুর রহমান : বাংলাদেশের প্রেক্ষাপটে আইসিটি কোম্পানি হিসেবে সাফল্যের সাথে ২৬ বছর পূর্ণ করে এগিয়ে চলা অনেক বড় ব্যাপার। বাংলাদেশে একমাত্র ওরাকল বিশ্ববিদ্যালয়ের (আমেরিকা) অনুমোদিত প্রতিষ্ঠান আইবিসিএস-প্রাইমেক্স। ২৬ বছর পৃষ্ঠি উপলক্ষে আমরা বাংলাদেশ হাইটেক পাৰ্ক

অথরাইজড অধীনে ৮০ শতাংশ ছাড়ে ওরাকলের ৭টি কোর্স অফার করছি। বিশ্বান্বের এসব কোর্সের ৮০ শতাংশ টাকা হাইটেক পাৰ্ক বহন কৰবে, বাকি ২০ শতাংশ টাকা প্রশিক্ষণাধীনে দিতে হবে। ওরাকল ই-বিজনেস স্যুইট অথরাইজড ট্রেনিং প্রোগ্রামের আওতায় আছে—ওরাকল ই-বিজনেস স্যুইট ১২ ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সার্টিফায়েড ইমপ্রিমেন্টেশন স্পেশালিস্ট; ওরাকল জেনারেল লিডার, ওরাকল পেয়ার্সনেল, ওরাকল রিসিভেবলস; ওরাকল ই-বিজনেস স্যুইট ১২ সাপ্লাই চেইন সার্টিফায়েড ইমপ্রিমেন্টেশন স্পেশালিস্ট; ওরাকল ইনভেন্টরি, ওরাকল অর্ডার ম্যানেজমেন্ট, ওরাকল পার্টেজিং এবং ওরাকল ই-বিজনেস স্যুইট আর ১২ অ্যাপ্লিকেশনস ডাটাবেজ অ্যাডমিনিস্ট্রেটর সার্টিফায়েড প্রফেশনাল।

কম্পিউটার জগৎ : আইবিসিএস-প্রাইমেক্সের ট্রেনিং এবং সার্টিফিকেশন কার্যক্রম সম্পর্কে বলুন।

কাজী আশিকুর রহমান : আমরা আইসিটি নিয়ে নানা ট্রেনিং এবং সার্টিফিকেশন কোর্স করিয়ে থাকি। এগুলোর মধ্যে রয়েছে— ওরাকলের অথরাইজড ওরাকল ১০জি/ডিবিএ, ডেভেলপার, জাভা ভেড়া সার্টিফিকেশন, 11g Performance Tuning, RAC, Data Guard Administration and Oracle Database 12c। এছাড়া ওরাকলের প্রায় ১৩০০+ কোর্স রয়েছে, যা বাংলাদেশ একমাত্র আইবিসিএস করাতে সক্ষম। কম্পিউটার সিকিউরিটির অথরাইজড বডি ইসি কাউন্সিলের অধীন Certified Ethical Hacker (CEH), ECSA & CHFI এই ট্রেনিংগুলো নিয়মিত চলছে। Redhat অথরাইজড ট্রেনিংগুলোর মধ্যে Redhat Certified Engineer (RHCE), Enterprise Virtualization, Server Hardening, Open Stack Administration, Enterprise Deployment and Systems Management, Enterprise Clustering and Storage Management, Enterprise Performance Tuning ট্রেনিংগুলো হচ্ছে। ইন্ডিয়ার জিটি এন্টারপ্রাইজ ও আইবিসিএস-প্রাইমেক্সের যৌথ উদ্যোগে অথরাইজড VMware ট্রেনিং পরিচালিত হচ্ছে। বাংলাদেশের একমাত্র Zend অথরাইজড পার্টনার এবং Zend 5.5 সার্টিফিকেশন ট্রেনিং আইবিসিএস-প্রাইমেক্স করাতে সক্ষম। এছাড়া আইবিসিএস-প্রাইমেক্সের নিজী ডেভেলপমেন্টে সি শার্প এবং এসকিউএল সার্ভার, সিআইএসএ, সিসিএনপি, পিএইচপি এবং মাইএসকিউএল, আ্যন্ড্রয়েড আপ্লিকেশন ডেভেলপমেন্ট, প্রজেক্ট ম্যানেজমেন্ট প্রফেশনাল (পিএমপি), এসইও, মাইক্রোসফট উইন্ডোজ, এসকিউএল সার্ভার এবং আইটি সার্ভিস ম্যানেজমেন্ট ট্রেনিং ITIL Foundation